

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৬১৮

১৫/ দাওয়াত

পরিচ্ছেদঃ ওয়ায-নসীহত এবং তাতে মধ্যমপন্থা অবলম্বন করার বিবরণ

আরবী

وَعَنْ أَبِي زَيدٍ أُسَامَةَ بن زيد بنِ حَارِثَةَ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ: سَمِعتُ رَسُولَ الله عَلَيْ وَعُنْ أَبِي زَيدٍ أُسَامَةَ بن زيد بنِ حَارِثَةَ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ: سَمِعتُ رَسُولَ الله عَيْوُلُونً يَقُولُيُونًى بالرَّجُلِ يَوْمَ القيَامَةِ فَيُلْقَى في النَّارِ فَيَقُولُونَ: يَا فُلانُ مَا لَكَ ؟ أَلَمْ تَكُ تَأْمُرُ الحَمَارُ في الرَّحَى فَيَجْتَمِعُ إِلَيْهِ أَهْلُ النَّارِ فَيَقُولُونَ: يَا فُلانُ مَا لَكَ ؟ أَلَمْ تَكُ تَأْمُرُ بالمعْرُوفِ وَلا آتِيهِ وأَنْهَى عَنِ المُنْكَرِ ؟ فَيقُولُ: بَلَى كُنْتُ آمُرُ بِالمَعْرُوفِ وَلا آتِيهِ وأَنْهَى عَنِ المُنْكَرِ وَآتِيهِ متفقٌ عليه

বাংলা

আল্লাহ তাআলা বলেন,

أَتَأْمُرُونَ النَّاسَ بِالْبِرِّ وَتَنْسَوْنَ أَنْفُسَكُمْ وَأَنْتُمْ تَتْلُونَ الْكِتَابَ أَفَلا تَعْقِلُونَ

অর্থাৎ, কি আশ্চর্য! তোমরা নিজেদের বিস্মৃত হয়ে মানুষকে সৎকাজের নির্দেশ দাও, অথচ তোমরা কিতাব (গ্রন্থ) অধ্যয়ন কর, তবে কি তোমরা বুঝ না? (সূরা বাকারাহ-০২ : 88)

তিনি আরো বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لِمَ تَقُولُونَ مَا لاَ تَفْعَلُونَ كَبُرَ مَقْتاً عِنْدَ اللهِ أَنْ تَقُولُوا مَا لاَ تَفْعَلُونَ

অর্থাৎ, হে বিশ্বাসীগণ! তোমরা যা কর না, তা তোমরা বল কেন? তোমরা যা কর না তোমাদের তা বলা আল্লাহর নিকট অতিশয় অসন্তোষজনক। (সূরা স্বাফ ২-৩)

তিনি শুআইব (আঃ)-এর কথা উল্লেখ ক'রে বলেছেন,

وَمَا أُرِيدُ أَنْ أُخَالِفَكُمْ إِلَى مَا أَنْهَاكُمْ عَنْهُ

অর্থাৎ, (শুআইব বলল,) আর আমি এটা চাই না যে, আমি তোমাদের বিপরীত সেই সব কাজ করি, যা হতে



তোমাদেরকে নিষেধ করছি। (সূরা হূদ: ৮৮)

(১৬১৮) আবূ যায়দ উসামাহ ইবনে যায়দ ইবনে হারেসাহ (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, কিয়ামতের দিন এক ব্যক্তিকে আনা হবে। অতঃপর তাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে। সেখানে তার নাড়ি-ভুঁড়ি বের হয়ে যাবে এবং সে তার চারিপাশে এমনভাবে ঘুরতে থাকবে, যেমন গাধা তার চাকির চারিপাশে ঘুরতে থাকে। তখন জাহান্নামীরা তার কাছে একত্রিত হয়ে তাকে বলবে, ওহে অমুক! তোমার এ অবস্থা কেন? তুমি না (আমাদেরকে) সৎ কাজের আদেশ, আর অসৎ কাজে বাধা দান করতে? সে বলবে, 'অবশ্যই। আমি (তোমাদেরকে) সৎকাজের আদেশ দিতাম; কিন্তু আমি তা নিজে করতাম না এবং অসৎ কাজে বাধা দান করতাম; অথচ আমি নিজেই তা করতাম!

ফুটনোট

(বুখারী ৩২৬৭, মুসলিম ৭৬৭৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন